

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইনোভেশন টিম

ইনোভেশন টিমের মে ২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	:	শাহ মোঃ আমিনুল হক অতিরিক্ত সচিব (সমন্বয় ও নরডিক অনুবিভাগ) ও সভাপতি, ইনোভেশন টিম, ইআরডি।
সভার তারিখ ও সময়	:	১০ মে ২০১৬; সকাল ১০:৩০ টা
সভার স্থান	:	ব্লক-০৭, কক্ষ নং-১৩, ইআরডি।
উপস্থিত কর্মকর্তাদের তালিকা	:	সংযোজনী-‘ক’

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ইআরডি'র সিস্টেমস এনালিস্টকে সভার আলোচ্যসূচি অনুযায়ী গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সদস্য-সচিব গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ক্রমানুসারে সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন কো হলোঃ

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ই-ফাইলিং বাস্তবায়ন ও অগ্রগতি	বর্তমানে এ বিভাগে ই-ফাইলিং এর ব্যবহার ধীরগতিতে চলছে। কিভাবে ই-ফাইলিং আরও সহজভাবে ব্যবহার করা যায় তা নিয়ে আলোচনা করা হয়। গ্রহণ ও প্রেরণ শাখায় কম্পিউটার জানা প্রশাসনিক কর্মকর্তা/স্টেনো টাইপিষ্টকে দায়িত্ব দেয়ার বিষয়ে আলোচনা হয়। আইসিটি সেল প্রশিক্ষণে সহযোগীতা করবে। সিনিয়র সচিব মহোদয়ের দপ্তরেও যাতে ই-ফাইলিং ব্যবহার শুরু করা যায় সে বিষয়েও আলোচনা হয়। প্রয়োজনীয় সংখ্যক উন্নতমানের নতুন স্ক্যানার ক্রয় করার বিষয়ে আলোচনা হয়।	ইআরডিতে ই-ফাইলিং এর ব্যবহারের সমস্যা ও সমাধান এর বিষয়ে মে ২০১৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় প্রয়োজনীয় সুপারিশসহ উপস্থাপন করা হবে। জরুরীভাবে উন্নতমানের নতুন স্ক্যানার ক্রয়ের জন্য প্রশাসন অধিশাখায় অনুরোধ পাঠাতে হবে।	ইনোভেশন টিম
২.	লোকাল এরিয়া নেটওয়ার্ক প্রতিস্থাপন (ল্যান)	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) ১৯৯৬ সালে বিবিএস কর্তৃক “ন্যাশনাল ডাটা ব্যাংক প্রকল্পের” মাধ্যমে প্লানিং ডিভিশন, আইএমইডি ও ইআরডি'র জন্য যৌথভাবে স্থাপিত হয়। ২০ বছরের পুরানো নেটওয়ার্ক প্রতিস্থাপনের প্রয়োজন দেখা দেওয়ায় আইএমইডি এ বছরই নেটওয়ার্ক আলাদা করে ভিন্ন নেটওয়ার্ক করেছে। প্লানিং ডিভিশনও কিছুদিন আগে আলাদাভাবে নেটওয়ার্ক প্রতিস্থাপনের জন্য টেন্ডার আহবান করেছে। ইআরডি'র জন্য এখনও এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয় নাই। বিদ্যমান নেটওয়ার্ক প্রতিস্থাপন করে আধুনিকীকরণের জন্য আগামী অর্থ বছরে (২০১৬-২০১৭) বাজেট বরাদ্দ রাখা প্রয়োজন।	লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) প্রতিস্থাপন করার জন্য উদ্যোগ নিতে হবে। আইসিটি সেল বাজেট প্রাক্কলন করে বরাদ্দ রাখার জন্য প্রশাসন অধিশাখাকে অনুরোধ জানাবে।	আইসিটি সেল ও প্রশাসন অধিশাখা
৩.	ইনোভেশন টিম পুনর্গঠন	ইনোভেশন টিমের তিনজন কর্মকর্তা অনুবিভাগ প্রধানের দায়িত্বে আছেন। দাপ্তরিক ব্যস্ততার কারণে তারা অনেক সময় সভায় উপস্থিত থাকতে	এ বিভাগের ইনোভেশন টিম পুনর্গঠনের প্রস্তাব প্রশাসন অনুবিভাগে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম ও প্রশাসন



